# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৫২

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ যে কারণে পরিপূর্ণভাবে ওযূ করার নির্দেশ দিয়েছেন

ذِكْرُ الْعِلَّةِ الَّتِي مِنْ أَجْلِهَا أَمَرَ بِإِسْبَاغِ الوضوء

আরবী

1052 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ حَدَّثَنَا جَرِيرٌ عَنْ مَنْصُورٍ عَنْ هِلَالِ بْنِ يَسَافٍ عَنْ أَبِي يَحْيَى عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو قَالَ: رَجَعْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ مَكَّةَ إِلَى الْمَدِينَةِ حَتَّى إِذَا كُنَّا بِبَعْضِ الطَّرِيقِ تَعَجَّلَ قوم عند العصر فتوضأوا وَهُمْ عِجَالٌ قَالَ: فَانْتَهَيْنَا إِلَيْهِمْ وَأَعْقَابُهُمْ تَلُوحُ لَمْ يمسَّها الْمَاءُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (وَيْلٌ لِلْأَعْقَابِ مِنَ النَّارِ أسبغوا الوضوء)

الراوي : عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1052 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১০৫২. আব্দুল্লাহ বিন আমর রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমরা  রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাথে মক্কা থেকে মদীনায় ফিরে আসি, এভাবে যখন আমরা পথিমধ্যে ছিলাম, তখন একদল লোক আসরের সময় তাড়াহুড়া করেন এবং তরাপ্রবণ হয়ে ওযূ করেন। রাবী বলেন, শেষ অবধি আমরা তাদের কাছে গেলাম এসময় তাদের পায়ের গোড়ালীগুলো চিকচিক করছিল, যাতে পানি স্পর্শ করেনি। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “গোড়ালীর জন্য জাহান্নামের দুর্ভোগ। তোমরা পরিপূর্ণভাবে ওযূ করবে।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৪১; সুনান বাইহাকী: ১/৬৯; সহীহ ইবনু খুযাইমাহ: ১৬১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২৬; ইবনু মাজাহ: ৪৫০; মুসনাদ আহমাদ: ২/১৯৩; আবূ দাঊদ: ৯৭; নাসাঈ: ১/৭৭; আত তায়ালিসী: ৩/৫১;

দারেমী: ১/১৭৯; বুখারী: ৬০; বাগাবী, শারহুস সুন্নাহ: ২২০।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে উৎকৃষ্ট বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৩০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90365

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন